বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি

কোটবাড়ী, কুমিল্লা।

**জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বার্ডে গঠিত নৈতিকতা কমিটির প্রথম সভার কার্যবিবরণী**

তারিখ: ২৭ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ
সময়: সকাল ১০:০০ টা
স্থান: মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষ

**সভাপতিঃ জনাব মোঃ শাহজাহান, মহাপরিচালক, বার্ড**

**উপস্থিত সদস্যবৃন্দ:**

১। মোঃ সফিকুল ইসলাম, পরিচালক (পল্লী অর্থনীতি ও ব্যবস্থাপনা), বার্ড;
২। জনাব রঞ্জন কুমার গুহ, যুগ্ম পরিচালক (প্রশিক্ষণ);
৩। জনাব সালাহ উদ্দিন ইবনে সাইদ, যুগ্ম-পরিচালক, বার্ড;
৪। জনাব আবদুল্লাহ আল হুসাইন, উপ-পরিচালক (পল্লী অর্থনীতি);
৫। জনাব আবু তালেব, উপ-পরিচালক (উন্নয়ন যোগাযোগ), বার্ড;
৬। জনাব আনোয়ার হোসেন, সহকারী পরিচালক (কৃষি), বার্ড;

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) এর শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী অর্থবছরের প্রথম প্রান্তিকে নৈতিকতা কমিটির একটি সভা করার বাধ্যবাধকতা রয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বার্ডে গঠিত নৈতিকতা কমিটির প্রথম সভা অদ্য ২৭/০৯/২০২০ খ্রিস্টাব্দ সকাল ১০:০০ টায় মহাপরিচালক, বার্ড মহোদয়ের সভপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভার শুরুতে মহাপরিচালক, বার্ড এবং নৈতিকতা কমিটির সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানান। অতঃপর তিনি কমিটির সদস্য-সচিব এবং শুদ্ধাচার ফোকাল পয়েন্ট জনাব আবদুল্লাহ আল হুসাইন-কে বার্ডের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী আলোচনা শুরু করার আহ্বান জানান। জনাব আবদুল্লাহ আল হুসাইন কমিটির সদ্য বিদায়ী সদস্য-সচিব এবং শুদ্ধাচার ফোকাল পয়েন্ট জনাব সালাহ উদ্দিন ইবনে সাইদ এর সাথে পরামর্শক্রমে বার্ডের অনুমোদিত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর প্রযোজ্য কার্যক্রম অনুযায়ী আলোচনার বিষয়সমূহ উপস্থাপন করেন। বিষদ আলোচনা এবং সম্মানিত সদস্যদের মতামতের প্রেক্ষিতে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

| শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এ বর্ণিত কার্যক্রমের নম্বর ও নাম | সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/বিভাগ/শাখা |
|---|---|---|
| ২.১। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী ২য় এবং ৪র্থ প্রান্তিকে একটি করে মোট ২টি সভা আয়োজন করা হবে। অংশীজনের সভা বার্ডের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে আয়োজন করা হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়। আগামী সভায় অংশীজনদেরকে জাতীয় শুদ্ধাচার কৌশল এবং বার্ডের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সম্পর্কে ধারণা দেওয়া হবে। একই সাথে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বিষয়ে উপস্থিত অংশীজনের মতামত গ্রহণ করা হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট |
| ২.৩। কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকুরী সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন | ২০২০-২০২১ অর্থবছরের ২য়, ৩য় এবং ৪র্থ প্রান্তিকে ১টি করে মোট ৩টি প্রশিক্ষণ কোর্স আয়োজন করতে হবে। ৩টি প্রশিক্ষণ কোর্সে সর্বমোট ১২০ জন কর্মকর্তা-কর্মচারীর অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এ বর্ণিত সময়ে এসব প্রশিক্ষণ কোর্স আয়োজন করার জন্য প্রশিক্ষণ বিভাগকে অবহিত করতে হবে। | যুগ্ম-পরিচালক (প্রশিক্ষণ) |

| শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এ বর্ণিত কার্যক্রমের নম্বর ও নাম | সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/বিভাগ/শাখা |
|---|---|---|
| ২.৪। কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন | ২০২০-২০২১ অর্থবছরের ২য়, ৩য় এবং ৪র্থ প্রান্তিকে ১টি করে মোট ৩টি প্রশিক্ষণ কোর্স আয়োজন করতে হবে। ৩টি প্রশিক্ষণ কোর্সে সর্বমোট ৯০ জন কর্মকর্তা-কর্মচারীর অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এ বর্ণিত সময়ে এসব প্রশিক্ষণ কোর্স আয়োজন করার জন্য প্রশিক্ষণ বিভাগকে অবহিত করতে হবে। | উপ-পরিচালক (প্রশিক্ষণ) |
| ৩.১। বার্ডের প্রায়োগিক গবেষণা নীতিমালার খসড়া প্রণয়ন | আগামী ৩০ মে ২০২১ তারিখের মধ্যে প্রকল্প বিভাগের দায়িত্বে বার্ডের প্রায়োগিক গবেষণা নীতিমালার একটি খসড়া প্রণয়ন করার লক্ষ্যমাত্রা রয়েছে। এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করার জন্য প্রকল্প বিভাগকে অনুরোধ করা হবে। | যুগ্ম-পরিচালক (প্রকল্প) |
| ৩.২। বার্ডের যানবাহন ব্যবহার নীতিমালার খসড়া প্রণয়ন | আগামী ২৪ ফেব্রুয়ারি ২০২১ তারিখের মধ্যে প্রশাসন বিভাগের দায়িত্বে বার্ডের যানবাহন ব্যবহার নীতিমালার একটি খসড়া প্রণয়ন করার লক্ষ্যমাত্রা রয়েছে। এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করার জন্য প্রশাসন বিভাগকে অনুরোধ করা হবে। | যুগ্ম-পরিচালক (সাধারণ প্রশাসন) |
| ৪.১। সেবা সংক্রান্ত টোল-ফ্রি নম্বরসমূহ স্ব স্ব তথ্য বাতায়নে দৃশ্যমানকরণ | সেবা সংক্রান্ত টোল-ফ্রি নম্বরসমূহ স্ব স্ব তথ্য বাতায়নে দৃশ্যমান আছে। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এ বর্ণিত নির্ধারিত তারিখের মধ্যে নিয়মিত হালনাগাদ করার জন্য সহকারী পরিচালক (উন্নয়ন যোগাযোগ)-কে অনুরোধ করা হবে। | সহকারী পরিচালক (উন্নয়ন যোগাযোগ) |
| ৪.২। স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ | শুদ্ধাচার সেবাবক্স-এ, নির্ধারিত সূচীর (content)এর বাইরেও কমিটি পরিবর্তন সংক্রান্ত অফিস আদেশ, নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী ইত্যাদি আপলোড করতে হবে। | সহকারী পরিচালক (উন্নয়ন যোগাযোগ) |
| ৪.৪। স্ব স্ব ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স হালনাগাদকরণ | অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স-এ নির্ধারিত সূচীর (content)মধ্যে প্রসেস ম্যাপ প্রদর্শন করার ব্যবস্থা করতে হবে। | সহকারী পরিচালক (উন্নয়ন যোগাযোগ) |
| ৪.৫। স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | বার্ডের প্রশিক্ষণ, গবেষণা এবং প্রকল্প সংক্রান্ত প্রকাশযোগ্য তথ্য ওয়েবসাইটে দেওয়ার ব্যবস্থা করতে হবে। | উপ-পরিচালক (উন্নয়ন যোগাযোগ) |
| ৬.২। প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ | বার্ডের চলমান প্রকল্পসমূহের বিষয়ে প্রকল্প বিভাগ থেকে একটি নির্দেশনা প্রদান করা যেতে পারে যেন এখন থেকে প্রকল্প সংশ্লিষ্ট কোনো কর্মকর্তা প্রকল্প পরিদর্শনে গেলে তিনি/তাঁরা একটি পরিদর্শন প্রতিবেদন প্রস্তুত করে প্রকল্প বিভাগের নিকট জমা দিবেন। উল্লেখ্য, শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী প্রতি প্রান্তিকে একটি করে কমপক্ষে মোট ৪টি প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদন দাখিল করতে হবে। | পরিচালক (প্রকল্প) |
| ৮.১। স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন | বার্ডের সিটিজেন সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ওয়েবসাইটে দেওয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্ম-পরিচালক (সাধারণ প্রশাসন) |

| শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এ বর্ণিত কার্যক্রমের নম্বর ও নাম | সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/বিভাগ/শাখা |
|---|---|---|
| ৮.২। শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় পরিদর্শন | কর্মকর্তাগণ তাঁদের অধিনস্ত শাখা ও অধিশাখা কার্যালয় নিয়মিতভাবে পরিদর্শন করবেন। এ বিষয়ে পরিচালক (প্রশাসন) বিভিন্ন বিভাগের আওতাধীন শাখা/ অধিশাখাসমূহ পরিদর্শনের জন্য কর্মকর্তা নির্দিষ্ট করে দিবেন। প্রত্যেক শাখা/ অধিশাখা একটি প্রদর্শন বহি সংরক্ষণ করবে। | পরিচালক (প্রশাসন) |
| ৮.৩ শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন | ৮.২ এ বর্ণিত পরিদর্শনকালে কোনো কর্মকর্তা কোনো সুপারিশ করে থাকলে সংশ্লিষ্ট শাখা উক্ত কর্মকর্তাকে সুপারিশের বাস্তবায়ন আগ্রগতি অবহিত করবেন। | যুগ্ম-পরিচালক (সাধারণ প্রশাসন) |
| ৮.৬। প্রাতিষ্ঠানিক গণশুনানি আয়োজন | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী ৩য় এবং ৪র্থ প্রান্তিকে একটি করে মোট ২টি প্রাতিষ্ঠানিক গণশুনানি আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। যথাসময়ে তা আয়োজনের জন্য প্রশাসন বিভাগকে অনুরোধ করা হবে। | যুগ্ম-পরিচালক (সাধারণ প্রশাসন) |
| ৯.৩ বার্ড অনুষদ, প্রশিক্ষণার্থী ও প্রকল্পের সুফলভোগীদের সাথে মন্ত্রণালয় বিভাগ/দপ্তর/সংস্থার ভিডিও কনফারেন্স | নিয়মিতভাবে অনুষ্ঠিত বিভিন্ন ভিডিও কনফারেন্সিং ছাড়াও বার্ষিক পরিকল্পনা সম্মেলন ২০২০-২০২১ আয়োজনের বিষয়টি উল্লেখ করা যেতে পারে। | উপ-পরিচালক (উন্নয়ন যোগাযোগ) |
| ১১.১। কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) | সর্বশেষ সরকারী নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্যবিধি অনুসরণ করে একাডেমির কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। সভা-সমাবেশ, সেমিনার, ওয়ার্কশপ ইত্যাদিতে সরাসরি এবং জুম-এর মাধ্যমে অনুষ্ঠিত হচ্ছে। সরাসরি অংশগ্রহণের ক্ষেত্রে স্বাস্থ্যবিধি অনুসরণ করা হচ্ছে। ভবিষ্যতের যেকোনো কার্যক্রমে স্বাস্থ্যবিধি সংক্রান্ত সর্বশেষ সরকারী নির্দেশনা অনুসরণ করা হবে। | যুগ্ম-পরিচালক (সাধারণ প্রশাসন) |

অতঃপর আর কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/০৯/২০২০

(আবদুল্লাহ আল হুসাইন)
উপ-পরিচালক (পল্লী অর্থনীতি) এবং
সদস্য-সচিব, নৈতিকতা কমিটি

২৭/৯/২০.২০

(মোঃ শাহজাহান)
মহাপরিচালক, বার্ড এবং
সভাপতি, নৈতিকতা কমিটি

**বিতরণ**

১. কমিটির সকল সদস্য, বার্ড
২. সংশ্লিষ্ট কর্মকর্তাগণ
৩. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী—মহাপরিচলক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪. অফিস কপি।